# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 13.06.2024** **Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) লোকসভা ভোটের কারণে শিল্প সংস্থাগুলির জন্য স্থগিত থাকা বিভিন্ন ইনসেন্টিভ প্রকল্প আবার পুরোদমে চালু করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্দেশ দিয়েছেন।

নির্বাচনের কারণে এবছর বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন নাও হতে পারে বলে খবর।

২) এরাজ্যের চারটি সহ ১৩ টি বিধানসভা আসনে উপনির্বাচনের বিজ্ঞপ্তি জারি হবে আগামীকাল।

৩) ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে আজ রাজভবনে ঢুকতে পুলিশ বাধা দিয়েছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন।

৪) গোর্খা লিগ সভাপতি মদন তামাং খুনের মামলায় গোর্খা জনমুক্তি মোর্চা সভাপতি বিমল গুরুংকে অন্তর্ভুক্ত করার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫) এবছরের নীট ইউ জি-র এক হাজার ৫৬৩ জন পরীক্ষার্থীর গ্রেস নম্বর বাতিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে কেন্দ্র সুপ্রিম কোর্টে জানিয়েছে।

৬) রাজ্যে এখনও পর্যন্ত কোনো পোল্ট্রির মুরগীর দেহে বার্ড ফ্লু-র ভাইরাস মেলেনি।

---

সাত দফায় দীর্ঘ সময় ধরে লোকসভা নির্বাচন চলায়, শিল্প সংস্থাগুলির জন্য রাজ্য সরকারের স্থগিত থাকা বিভিন্ন ইনসেনটিভ প্রকল্প আবার পুরোদমে চালু করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্দেশ দিয়েছেন। নবান্নে আজ রাজ্য শিল্প উন্নয়ন নিগম সহ বিভিন্ন

দপ্তর, বণিক সভা ও শিল্প সমাজের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে তিনি এই নির্দেশ দেন বলে প্রশাসনিক সূত্রে খবর।

বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনের প্রস্তুতি নিয়েও আজকের বৈঠকে আলোচনা হয়। নির্বাচনের কারণে সম্মেলনের প্রস্তুতি ব্যাহত হয়েছে। তাই চলতি বছরে আর বাণিজ্য সম্মেলনের আয়োজন না করার পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানা গেছে। বদলে সেপ্টেম্বর মাসে দেশের বিভিন্ন রাজ্যের পাশাপাশি ভিন দেশে রাজ্যের বিনিয়োগ সম্ভাবনা তুলে ধরে প্রচার চালানো হবে। গত কয়েকবারের মতোই এবারও ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে প্রচারে বিশেষ গুরুত্ব দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গত বছর বিশ্ব বঙ্গ বানিজ্য সম্মেলনে যে সব সংস্থার সঙ্গে চুক্তি হয়েছিল তাদের কাজের অগ্রগতি নিয়ে প্রাক্তন অর্থমন্ত্রী অমিত মিত্র কে রিপোর্ট তৈরি করতে বলা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেছেন, বাংলার হস্তশিল্প দুবাই সহ বিদেশের বাজারে ছড়িয়ে দিতে হবে। অনলাইন প্রচার ও বিক্রির ওপর জোর দেওয়া হয়েছে।

------------------------

পশ্চিমবঙ্গের চারটি সহ সাতটি রাজ্যের ১৩ টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য আগামীকাল বিজ্ঞপ্তি জারি হবে। সেই সঙ্গেই শুরু হবে মনোনয়ন দাখিলের কাজ। ভোট নেওয়া হবে ১০ই জুলাই। এ রাজ্যের চারটি আসন হলো নদিয়ার রানাঘাট দক্ষিণ, উত্তর ২৪ পরগনার বাগদা, কলকাতার মানিকতলা এবং উত্তর দিনাজপুরের রায়গঞ্জ।২১ শে জুন পর্যন্ত মনোনয়ন জমা দেওয়া যাবে। সেগুলি পরীক্ষা করা হবে ২৪ তারিখ। নাম প্রত্যাহারের শেষ দিন ২৬ শে জুন। ১৩ ই জুলাই হবে ভোটগণনা। লোকসভা ভোটে প্রার্থী হবার জন্য তিন বিধায়কের ইস্তফা এবং এক বিধায়কের প্রয়াণে এই আসনগুলি শূন্য হয়।

এই চার কেন্দ্রের জন্য এখনও পর্যন্ত ৫৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। সবচেয়ে বেশি বাহিনী মোতায়েন করা হচ্ছে বাগদা কেন্দ্রে। নির্বাচন কমিশন সূত্রে খবর, সেখানে থাকবে ১৬ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। রায়গঞ্জ ও মানিকতলা কেন্দ্রে থাকবে ১২ কোম্পানি করে। এছাড়া রানাঘাটে ১৫ কোম্পানি বাহিনী মোতায়েন করেছে কমিশন।

------------------------

আলিপুরদুয়ার লোকসভা কেন্দ্রে নির্বাচিত বিজেপি প্রার্থী মনোজ টিগ্গা, মাদারিহাট বিধানসভা কেন্দ্রের বিধায়ক পদে ইস্তফা দিয়েছেন। বিজেপি পরিষদীয় দলের মুখ্য সচেতক ছিলেন তিনি। আজ দুপুরে বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের হাতে শ্রী টিগ্গা ইস্তফাপত্র তুলে দেন।

------------------------

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আজ বিকেলে ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে রাজ্যপালের কাছে ডেপুটেশন দিতে যাওয়ার কর্মসূচি থাকলেও পুলিশ রাজভবনের মূল প্রবেশ পথের বাইরে তাঁকে আটকে দেয়। পরে সাংবাদিকদের কাছে শ্রী অধিকারী অভিযোগ করেন, কেন্দ্রীয় বাহিনী থাকা সত্ত্বেও ভোট পরবর্তী হিংসায় বিজেপি কর্মীরা আক্রান্ত হচ্ছেন। আক্রান্তদের নিয়ে রাজ্যপালের কাছে ডেপুটেশনের দিতে যাওয়ার জন্য তিনি গতকালই অনুমোদন চেয়েছিলেন। রাজভবন থেকে বিরোধী দলনেতা সহ ২০০জন আক্রান্তকে প্রবেশের অনুমোদন দেওয়া হলেও কলকাতা পুলিশ বাইরেই তাদের আটকে দেয়। প্রায় এক ঘন্টা তাকে আটকে রাখা হয় বলে অভিযোগ। শুভেন্দু বলেন,এই প্রথম এভাবে বিরোধী দলনেতাকে রাজভবনে প্রবেশ করতে বাধা দেওয়া হয়েছে। যুদ্ধকালীন পরিস্থিতিতেও এইভাবে আটকানো হয়নি। রাজ্য সরকার এই

পদক্ষেপ নিয়ে রাজ্যের সাংবিধানিক প্রধানকে অমান্য করেছে এবং কার্যত রাজ্যপাল ও বিরোধী দলনেতাকে চ্যালেঞ্জ জানিয়েছে। বিষয়টি নিয়ে তিনি আদালতের দ্বারস্থ্ হবেন।

অন্যদিকে ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী অভিজিৎ দাসও রাজ্যপালের সঙ্গে সাক্ষাতের দাবিতে রাজভবনের সামনে দলীয় কর্মীদের নিয়ে রাস্তায় বসে বিক্ষোভ দেখান।

------------------------

ভোট পরবর্তী অশান্তি রুখতে আদালতের নির্দেশে কেন্দ্রীয় বাহিনীর উপস্থিতির মেয়াদ ২১ শে জুন পর্যন্ত বাড়লেও হিংসার বিরাম নেই।

দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং-এর জীবনতলায় রবীন্দ্রনাথ মন্ডল নামে এক তৃণমূল কংগ্রেস নেতাকে পিটিয়ে খুনের অভিযোগ উঠেছে। আজ ঐ নেতার বাড়িতে যান ক্যানিং পূর্বের তৃণমূল কংগ্রেস বিধায়ক শৌকত মোল্লা।

মালদার বৈষ্ণবনগরের জানুটোলায় কংগ্রেস কর্মী অরুণ মন্ডলকে পিটিয়ে খুনের চেষ্টার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের কালিয়াচক তিন নম্বর পঞ্চায়েত সমিতির সভাপতির স্বামী ও তার দলবলের বিরুদ্ধে। গুরুতর জখম ঐ কংগ্রেস কর্মী মালদা শহরের একটি বেসরকারি নার্সিংহোমে চিকিৎসাধীন। যদিও অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল।

ব্যারাকপুর লোকসভা কেন্দ্রের অধীন কাঁচরাপাড়া পুরসভার ২২ নম্বর ওয়ার্ডের ব্রহ্মস্থান এলাকায় বিজেপির পার্টি অফিসে ভাঙচুরের অভিযোগ উঠেছে শাসকদল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। খবর পেয়ে এলাকায় পৌঁছয় বীজপুর থানার পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী।

বরানগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের আগে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর হাত ধরে বিজেপিতে যোগ দেওয়া প্রতিবন্ধী খেলোয়াড় কমল সরকার ওরফে কাজুকে বরানগরের ১৪ নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস কাউন্সিলার শান্তনু মজুমদার ও তার দলবল মারধর করেন বলে অভিযোগ।

অন্যদিকে, বীরভূমের সিউড়ি দু মম্বর ব্লকের মেটেগ্রামে সন্তোষ বাগদি নামে এক বিজেপি কর্মীকে মারধরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে।

------------------------

কোচবিহার লোকসভা কেন্দ্রে তৃণমূল কংগ্রেস জয়ী হওয়ার পর, একের পর এক গ্রাম পঞ্চায়েত বিজেপির হাতছাড়া হওয়ার পরিস্থিতির মধ্যেই কোচবিহার উত্তর বিধনসভা কেন্দ্র ও মাথাভাঙার বিভিন্ন এলাকায় দলীয় কর্মীদের সঙ্গে আজ কথা বলেন, কোচবিহারের পরাজিত বিজেপি প্রার্থী নিশীথ প্রামাণিক। বিজেপির দখলে থাকা পঞ্চায়েতগুলির সদস্য ও প্রধানদের হুমকি দেওয়া হচ্ছে বলে অভিযোগ। প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী তাদের পাশে থাকার আশ্বাস দেন।

------------------------

গোর্খা লিগ সভাপতি মদন তামাং খুনের মামলায় গোর্খা জনমুক্তি মোর্চা নেতা বিমল গুরুংকে অন্তর্ভুক্ত করার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। এই খুনে সিবিআই তদন্তের মামলায় গুরুংকে যুক্ত করার জন্য আজ নির্দেশ দিয়েছেন বিচারপতি শুভেন্দু সামন্ত। গুরুংয়ের বিরুদ্ধেও চার্জ গঠনের আইনি প্রক্রিয়া শুরু করতে হবে। ২০১৭ সালের নগর দায়রা আদালতের নির্দেশ বাতিল করেছে হাইকোর্ট।

২০১০ সালের মে মাসে দার্জিলিঙে সভা করতে গিয়ে সকালে রাস্তার উপরে খুন হয়ে যান মদন তামাং। এই খুনে অন্যতম প্রধান অভিযুক্ত হিসেবে নিকোল তামাংকে

গ্রেফতার করা হয়। কিন্তু পিনটেল ভিলেজে পুলিশি হেফাজত থেকে পালিয়ে যায় নিকোল। এরপর হত্যাকাণ্ডের তদন্তের ভার নেয় সিবিআই। তারা যে চার্জশিট পেশ করে, তাতে গুরুং, রোশন গিরি, আশা গুরুং, বিনয় তামাংয়ের মতো পাহাড়ের ৪৮ জন নেতার নাম ছিল। কিন্ত ২০১৭ সালের আগস্টে কলকাতার নগর দায়রা আদালত, গুরুংয়ের নাম চার্জশিট থেকে বাদ দেওয়ার নির্দেশ দেয়। সেই রায়ের বিরুদ্ধে কলকাতা হাই কোর্টে মামলা করেন নিহত নেতার স্ত্রী ভারতী তামাং।

------------------------

নিউ টাউনে রেস্তোরাঁ মালিককে মারধোরের ঘটনায় তৃণমূল কংগ্রেস বিধায়ক সোহম চক্রবর্তীকে আগাম জামিন দিয়েছে বারাসাত আদালত। ২ হাজার টাকার ব্যক্তিগত বন্ডে আজ তাঁর জামিন মঞ্জুর হয়।

ওই রেস্তোরাঁ মালিক তাঁকে ও তার পরিবারকে হুমকি দেওয়ার অভিযোগে কলকাতা হাইকোর্টে মামলা করেছেন। এরই প্রেক্ষিতে সহম আজ বারাসাত আদালতে আত্মসমর্পন করে আগাম জামিনের আবেদন জানান।

এদিকে, বারাসাত আদালতের সরকারী কৌঁশুলির ঘরে সহমের দীর্ঘক্ষণ বসে থাকা নিয়ে বার অ্যাসোসিয়নের সভাপতি প্রশ্ন তুলেছেন।

------------------------

এবছরের নীট ইউ জি-র এক হাজার ৫৬৩ জন পরীক্ষার্থীর গ্রেস নম্বর বাতিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে কেন্দ্র সুপ্রিম কোর্টে জানিয়েছে। স্নাতকস্তরের ডাক্তারি পাঠক্রমে ভর্তির পরীক্ষা নিয়ে অনিয়মের অভিযোগে শীর্ষ আদালতে মামলা হয়। বিচারপতি বিক্রম নাথ ও বিচারপতি সন্দীপ মেহেতার অবকাশকালীন বেঞ্চে আজ কেন্দ্রীয় সরকারের তরফে আইনজীবী কানু আগরওয়াল জানান, ন্যাশনাল টেস্টিং এজেন্সি এব্যাপারে যে কমিটি গঠন করে, তারাই এই সিদ্ধান্ত নিয়েছে। ওই এক হাজার

৫৬৩ জন পরীক্ষার্থীকে হয় আবার নীট দিতে হবে, অথবা গ্রেস মার্কস বাদ দিয়ে নম্বর মেনে নিতে হবে। যারা আবার পরীক্ষায় বসতে চাইবেন, তাদের জন্য ২৩-শে জুন নতুন করে পরীক্ষা নেওয়া হবে। ফল প্রকাশ করা হবে ৩০-শে জুন।

এদিকে, নীটে অনিয়মের প্রতিবাদে ছাত্র সংগঠন AIDSO-র বিকাশভবন অভিযানকে কেন্দ্র করে আজ সল্টলেকের করুণাময়ী চত্বরে ধুন্ধুমার কান্ড বাধে।

NEET 2024 এর ফল নিয়ে বিতর্কের মধ্যেই রাজ্য সরকারকে এগিয়ে এসে হতাশ ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের আইনি সহযোগিতা এবং পরামর্শ দেবার অনুরোধ জানালেন বিশিষ্ট হৃদরোগ বিশেষজ্ঞ ডাক্তার কুনাল সরকার। কলকাতা প্রেসক্লাবে আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, নিট পরীক্ষার ফলাফল নিয়ে যে দুর্নীতি হয়েছে তা হিমশৈলের চূড়া মাত্র।

বাইট ডঃ কুনাল সরকার।

নিটের অনিয়মকে ধিক্কার জানিয়ে এসএফআই-এর প্রেসিডেন্সী বিশ্ববিদ্যালয় ইউনিট আজ বিক্ষোভ কর্মসূচী পালন করে। ক্যাম্পাসে পোস্টারিং-ও করা হয়।

------------------------

রাজ্যে এখনও পর্যন্ত কোনো পোল্ট্রির মুরগীর দেহে বার্ড ফ্লু-র ভাইরাস মেলেনি বলে রাজ্য সরকার জানিয়েছে। আজ স্বাস্থ্যভবনে এই বিষয়ে বৈঠকের পর সাংবাদিকদের স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম জানান, কোথাও থেকে হাঁস মুরগীর মৃত্যুর খবর পাওয়া যায়নি। তাই মাংস ও ডিম খাওয়ার ওপর কোনো নিষেধাজ্ঞা নেই। পরিস্থিতির ওপর নজর রাখা হচ্ছে। অযথা আতঙ্কিত না হওয়ার আবেদন জানিয়েছেন তিনি। স্বাস্থ্য

সচিব বলেন, বার্ড ফ্লু আক্রান্ত শিশু, চিকিৎসার পর ভালো আছে। আর কোনো ব্যক্তির দেহে এই ভাইরাসের সন্ধান মেলেনি।

প্রাণী সম্পদ সচিব বিবেক কুমার জানান, এপ্রিল মে মাসে রাজ্যে এক হাজার ৭২৮ জনের নমুনা পরীক্ষা করা হয়। কারও শরীরেই এভিএন ইনফ্লুয়েঞ্জারের খোঁজ মেলেনি।

এদিকে মালদার কালিয়াচকে ৪ বছরের এক শিশুর শরীরে বার্ড ফ্লু-র ভাইরাস ধরা পড়ার পর জেলা স্বাস্থ্য দপ্তরের আধিকারিকরা আজ জরুরী বৈঠকে বসেন। উপস্থিত ছিলেন জেলাশাসক নীতিন সিংহানিয়া, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক সুদীপ্ত ভাদুড়ি এবং অন্যান্য স্বাস্থ্য ও প্রশাসনিক আধিকারিক। কলকাতা থেকে একটি মেডিকেল টিম আগামীকাল কালিয়াচকে যাবে বলে জানান জানিয়েছেন মুখ্য স্বাস্থ্য আধিকারিক।

------------------------

গভীর সমুদ্রে মাছ ধরার উপর সরকারি নিষেধাজ্ঞা আজ মধ্যরাতে উঠে যাচ্ছে। জলের রুপোলি শস্য ইলিশের খোঁজে বঙ্গোপসাগরে পাড়ি দেওয়ার অপেক্ষায় সুন্দরবনের হাজার হাজার মৎসজীবী।

------------------------

শিলিগুড়িতে মহানন্দার দূষিত জল, পানীয় জল হিসাবে সরবরাহের ব্যাপারে পূর্ণাঙ্গ তদন্ত চেয়ে বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ, জনস্বাস্থ্য কারিগরি দপ্তরকে চিঠি দিয়েছেন। দূষিত জল কিভাবে সরবরাহ করা হল তা জানতে চেয়ে, দোষী আধিকারিকদের চিহ্নিত করে উপযুক্ত শাস্তির দাবি জানিয়েছেন তিনি। পাশাপাশি, কিসের ভিত্তিতে শিলিগুড়ির মেয়র গৌতম দেব, গত দোসরা জুন থেকে পুনরায় জল সরবরাহ করার নির্দেশ দিয়েছিলেন, সেই প্রশ্নও চিঠিতে তুলেছেন শঙ্কর ঘোষ।

------------------------

দার্জিলিং ও সিকিমে ভারি বৃষ্টির দরুণ উত্তরবঙ্গের বিভিন্ন নদীর জল বেড়েছে। তিস্তায় প্রবল জলস্ফীতির জেরে কালিম্পং থেকে তিস্তা বাজার হয়ে দার্জিলিং যাওয়ার রাস্তা বন্ধ করে দিয়েছে প্রশাসন।

অন্যদিকে, ক্রান্তি ব্লকের চ্যাংমারি ও চাঁপাডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের বিস্তির্ন এলাকা তিস্তার জলে প্লাবিত। জলবন্দী হয়ে পড়েছে প্রায় দেড়শো পরিবার। জলপাইগুড়িতে হলুদ সংকেত জারি করা হয়েছে জলঢাকা নদীতে। পর্যটকদের পরিস্থিতির দিকে নজর রেখে পাহাড়ে আসার পরামর্শ দিয়েছেন উত্তরবঙ্গের ট্যুর অপারেটর সম্রাট সান্যাল।
তিস্তার জল বেড়ে যাওয়ায় আতঙ্কিত মাল ব্লকের বাগ্রাকোট গ্রাম পঞ্চায়েতের টোটগাঁও এলাকার মানুষ। নিচু জায়গাগুলিতে ইতোমধ্যেই জল ঢুকতে শুরু করেছে।

এদিকে, প্রবল বর্ষনে ধ্বস নেমে উত্তর সিকিমে দুই মহিলা সহ ৩ জনের মৃত্যু হয়েছে। ক্ষতিগ্রস্ত হয়েছে ১৫-১৬টি বাড়ি। নিখোঁজ হয়েছেন কয়েকজন। উদ্ধার কাজ চলেছে।

এর আগে দক্ষিণ সিকিমে ধ্বস নেমে ৩ জনের মৃত্যু হয়।

----------------------- -----------------------